দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 1 6 1999

পৃঃ ৪ কলাম ৪


107

# সংস্থাধীন বিদ্যালয়সমূহের ইংরেজী শিক্ষকগণের চাকুরীর মেয়াদ প্রসঙ্গে

এমপিওভুক্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী বিষয়ের শিক্ষক সংকট নিরসনের জন্য কর্মরত ইংরেজী শিক্ষকগণের বয়স ৬০ বছর পূর্ণ হইলেও তাহাদের শারীরিক ও মানসিক যোগ্যতা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সবেতনে ৬৫ বছর পর্যন্ত পুনঃ নিয়োগের যোগ্য। দেশে অভিজ্ঞ ইংরেজী শিক্ষকের অভাব পূরণে সরকারের এই পদক্ষেপ অত্যন্ত যুগোপযোগী। কিন্তু বিভিন্ন সংস্থা শাসিত যেমন পিডিবি ও বিসিআইসি বিদ্যালয়সমূহের ইংরেজী শিক্ষকগণের ব্যাপারে এই বিষয়ে কোন ব্যাখ্যা না থাকায় অভিজ্ঞ ইংরেজী শিক্ষকগণকে ৫৭ বৎসর বয়সে চাকুরী হইতে অবসর দেওয়া হইতেছে। এমতাবস্থায়, সংস্থাধীন বিদ্যালয়সমূহের ইংরেজী বিষয়ের শিক্ষকগণের চাকুরীর বয়স সংক্রান্ত প্রয়োজনীয় ব্যাখ্যা দানের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।


আব্দুল মান্নান,

সহকারী প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত),

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উচ্চ বিদ্যালয়,

আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া।